

জাবিতে স্কুলছাত্রীকে হাত বেঁধে সহপাঠীর নির্যাতনের অভিযোগ

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের সপ্তম শ্রেণির এক ছাত্রীকে হাত বেঁধে নির্যাতনের অভিযোগ উঠেছে আরেক ছাত্রীর বিরুদ্ধে। গতকাল শনিবার নির্যাতনের শিকার ওই শিক্ষার্থী বিচার চেয়ে অধ্যক্ষের কাছে একটি অভিযোগপত্র জমা দেন। অধ্যক্ষ আব্দুল জলিল ভূঞা লিখিত আবেদনপত্র পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন।

স্কুল ও কলেজ সূত্রে জানা যায়, গত গুজবের ছুটির দিনে নতুন বই নিতে স্কুলে আসে সপ্তম শ্রেণির ওই ছাত্রী। এসময় তার আরেক সহপাঠী তাকে স্কুলের পাশে দোকানের পিছনে নিয়ে যায়। সেখানে নিয়ে তার মাথায় আঘাত করে। এতে মেয়েটি অজ্ঞান হয়ে গেলে তার হাত ও মুখ বেঁধে নির্যাতন করে ওই ছাত্রী। সকালে তাকে স্থানীয় লোকজন হাত বাঁধা অবস্থায় পড়ে থাকতে দেখে। পরে সেখান থেকে তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের অধ্যক্ষ আব্দুল জলিল ভূঞা জানান, মেয়েটির অভিযোগের ভিত্তিতে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।